

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 14-04-2026
Time: 07:35-07:40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

P.M Speech :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন যে দেশের স্বার্থ রক্ষাকরা তাঁর সরকারের অন্যতম প্রধান ও প্রাথমিক বিষয়। গতকাল রাতে জাতীর উদ্দেশ্যে ভাষণে প্রধানমন্ত্রী বলেছেন যে, সরকারের সর্বোচ্চ ও আন্তরিক প্রচেষ্টার পরও নারী শক্তি বন্দন অধ্যাদেশ সংশোধনের সাথে সম্পর্কিত আইন প্রণয়ন নিশ্চিত করা সম্ভব হয়নি। প্রধানমন্ত্রী, এর জন্য সমস্ত মা ও সহোদরীদের কাছে আন্তরিকভাবে ক্ষমা প্রার্থনা করেছেন।

শ্রী মোদি বলেন, যখন কিছু মানুষের জন্য তাদের কাছে দলই সবকিছু হয়ে যায়, তখন নারী ক্ষমতায়ন এবং জাতীয় স্বার্থ দুটিরই ফল ভোগ করতে হয়। তিনি বলেন যে, এটা অত্যন্ত কষ্টকর যে যখন নারীদের স্বার্থে এই আইন পাশে ব্যর্থ হয়েছে, তখন কংগ্রেস, ডিএমকে, এসপি এবং তৃণমূলের মতো দলগুলি তালি বাজিয়ে উল্লাস করেছে। প্রধানমন্ত্রী তাদের কাজকে নারীর মর্যাদা ও নারীর আত্মসম্মানে আঘাত বলে অভিহিত করেন।

(প্রধানমন্ত্রী বলেন Byte)....

ADC Election MCC :

এডিসি নির্বাচনে নির্বাচন প্রক্রিয়া শেষ হওয়ায়, নির্বাচনী আদর্শ আচরণবিধি প্রত্যাহার করে নেওয়া হয়েছে। রাজ্য নির্বাচন কমিশনের সচিব অনুরাগ সেন জানিয়েছেন, আজ সকাল থেকে নির্বাচনী আদর্শ আচরণবিধি প্রত্যাহার করে নেওয়া হয়েছে। উল্লেখ্য, ADC নির্বাচন ঘোষণার দিন অর্থাৎ গত ১৭ই মার্চ থেকে আদর্শ আচরণবিধি বলবৎ করা হয়েছিল।

Bharat-Bangladesh :

জনজীবনে শান্তি ও নিরাপত্তা বজায় রাখার লক্ষ্যে পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক জেলার অন্তর্গত সদর এবং মোহনপুর মহকুমার ভারত-বাংলাদেশ সীমান্তের ৫০০ মিটার এলাকায় রাত ৮টা থেকে পরের দিন ভোর ৫টা পর্যন্ত সাধারণ মানুষের চলাচলের উপর কিছু বিধিনিষেধ আরোপ করেছে। এই আদেশ আগামীকাল ২০ এপ্রিল, থেকে কার্যকর হবে এবং তা ১৯ জুন পর্যন্ত বলবৎ থাকবে।

GBP :

ন্যাশনাল বোর্ড অব এক্সামিনেশন ইন মেডিক্যাল সায়েন্সেস(এনবিইএমএস)এর ২৩তম সমাবর্তনে মেডিক্যাল গ্যাস্ট্রোএন্টারোলজি বিভাগে স্বর্ণপদক পাচ্ছেন আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের

চিকিৎসক ডাঃ মৃগাল দেববর্মা। গতকাল এই তালিকা প্রকাশ করেছে এন.বি.ই.এম.এস. ১২৩মে, নয়াদিল্লিতে সমাবর্তন অনুষ্ঠানে এই সম্মান প্রদান করা হবে।

Chardham-Yatra :

আজ থেকে এবছরের চারধাম যাত্রা শুরু হবে। গঙ্গোত্রী ও যমুনেত্রী মন্দির আজ পূর্ণ্যার্থীদের জন্য উন্মুক্ত করা হবে। ২২ এপ্রিল কেদারনাথ ও ২৩ এপ্রিল বদ্রীনাথ মন্দির উন্মুক্ত করা হবে। গৌরিকুণ্ড থেকে কেদারনাথ মন্দির পর্যন্ত সমগ্র যাত্রা পথের ওপর কড়া নজর রাখার জন্য একটি বিশেষ কন্ট্রোল রুম স্থাপন করা হয়েছে।

Akshay Tritiya :

আজ অক্ষয় তৃতীয়া। রাজ্যের বিভিন্ন দেবালয়ে এই উপলিকেথ্য বিশেষ পূজার আয়োজন করা হয়েছে। আগরতলার জগন্নাথ জিউ মন্দিরে আজ থেকে শুরু হবে চন্দনযাত্রা উৎসব।

Maan Ki Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৬শে এপ্রিল, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে

মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩৩তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সূচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. ১৮০০-১১-৭৮০০ নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন ২৪শে এপ্রিল পর্যন্ত খোলা থাকবে।

Weather :

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি পাতের সম্ভাবনা রয়েছে। কোথাও কোথাও বিক্ষিপ্ত ভাবে ঝড়ো বা দমকা হাওয়া বয়ে যেতে পারে। আগরতলা ও তার আশেপাশে গতকাল সকাল থেকে আজ ভোর পর্যন্ত বৃষ্টিপাতের পরিমাণ ছিল ০.৩ মিলিমিটার। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৪ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৫ ডিগ্রির কাছাকাছি।
